# প্রজ্ঞাপন

তারিখ, ২৯ আষাঢ় ১৪১১/১৩ জুলাই ২০০৪

**এস,আর,ও নং ২১৯-আইন/আয়কর/২০০৪।**—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ৪ঠা শ্রাবণ, ১৪১০/১৯শে জুলাই, ২০০৩ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২১৮-আয়কর/২০০৩ রহিতক্রমে, বস্ত্র উৎপাদনের সহিত জড়িত কোন সূতা উৎপাদন, সূতা ডাইং, ফিনিশিং, কোনিং, কাপড় তৈরী, কাপড় ডাইং, ফিনিশিং, প্রিন্টিং অথবা উক্তরূপ এক বা একাধিক প্রক্রিয়ায় নিয়োজিত কোম্পানীর ১লা জুলাই, ২০০৪ হইতে ৩০শে জুন, ২০০৬ ইং পর্যন্ত সময়কালের জন্য উদ্ভূত আয়ের উপর প্রদেয় আয়করের হার হ্রাস (reduction) করিয়া ১৫% এ নির্ধারণ করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**এ এস জহির মোহাম্মদ**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

প্রজ্ঞাপন

তারিখ, ২২ আষাঢ় ১৪১৩/৬ জুলাই ২০০৬

**এস,আর,ও নং ১৬৮-আইন-আয়কর/২০০৬।**—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্দ্বারা অত্র বিভাগের ২৯ আষাঢ় ১৪১১/১৩ জুলাই ২০০৪ তারিখের এস,আর,ও নং ২১৯-আইন/আয়কর/২০০৪ রহিতক্রমে কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮নং আইন) এর অধীন নিবন্ধিত বস্ত্র উৎপাদনের সহিত জড়িত কোন সূতা উৎপাদন, সূতা ডাইং, ফিনিশিং, কোনিং, কাপড় তৈরী, কাপড় ডাইং, ফিনিশিং, প্রিন্টিং অথবা উক্তরূপ এক বা একাধিক প্রক্রিয়ায় নিয়োজিত কোন কোম্পানীর ১লা জুলাই, ২০০৬ হইতে ৩০শে জুন, ২০০৮ইং পর্যন্ত সময়কালের জন্য কেবল উল্লিখিত শিল্পের ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ১৫% এ নির্ধারণ করিল।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
এ এস জহির মোহাম্মদ
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

## প্রজ্ঞাপন

তারিখ, ১৬ আষাঢ় ১৪১৫ বঙ্গাব্দ/৩০ জুন ২০০৮ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ২০৭-আইন/আয়কর/২০০৮।**—Income-tax Ordinance, 1984 (Ord. No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার এতদ্বারা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত বস্ত্র উৎপাদনের সহিত জড়িত কোন সূতা উৎপাদন, সূতা ডাইয়িং, ফিনিশিং, কোনিং, কাপড় তৈরী, কাপড় ডাইয়িং, ফিনিশিং, প্রিন্টিং অথবা উক্তরূপ এক বা একাধিক প্রক্রিয়ায় নিয়োজিত কোন কোম্পানীর ১লা জুলাই, ২০০৮ হইতে ৩০শে জুন, ২০১১ পর্যন্ত সময়কালের জন্য কেবল উল্লিখিত শিল্পের ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ১৫% এ নির্ধারণ করিল।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২২১-আইন-আয়কর/২০১১।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্দ্বারা অত্র বিভাগের ১৬ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন ২০০৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৭-আইন/আয়কর/২০০৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথাঃ-

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত "৩০ শে জুন, ২০১১" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ শে জুন, ২০১৩" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**আমিনুর রহমান**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৭ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/০১ জুলাই, ২০১৩ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২০৭-আইন-আয়কর/২০১৩।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্‌দ্বারা ১৬ আষাঢ়, ১৪১৫ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০০৮ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ২০৭-আইন/আয়কর/২০০৮ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত "৩০ শে জুন, ২০১৩" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে "৩০ শে জুন, ২০১৫" সংখ্যাগুলি, শব্দগুলি ও কমা প্রতিস্থাপিত হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সৈয়দ মোঃ আমিনুল করিম**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

প্রজ্ঞাপন

তারিখঃ ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ/৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ১৯৩-আইন/আয়কর/২০১৫।**—Income-tax Ordinance, 1984 (Ordinance XXXVI No. of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এতদ্দ্বারা কোম্পানী আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধিত বস্ত্র উৎপাদনের সহিত জড়িত কোন সুতা উৎপাদন, সুতা ডাইয়িং, ফিনিশিং, কোনিং, কাপড় তৈরী, কাপড় ডাইয়িং, ফিনিশিং, প্রিন্টিং অথবা উক্তরূপ এক বা একাধিক প্রক্রিয়ায় নিয়োজিত কোন কোম্পানীর ১লা জুলাই, ২০১৫ হইতে ৩০শে জুন, ২০১৯ পর্যন্ত সময়কালের জন্য কেবল উল্লিখিত শিল্পের ব্যবসা হইতে অর্জিত আয়ের উপর প্রদেয় আয়করের হার হ্রাস করিয়া ১৫% এ নির্ধারণ করিল।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখ হইতে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
(মোঃ নজিবুর রহমান)
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/২৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং **২১৮-আইন/আয়কর/২০১৯**।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৬ আষাঢ়, ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৯৩-আইন/আয়কর/২০১৫ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনে উল্লিখিত "২০১৯" সংখ্যার পরিবর্তে "২০২২" সংখ্যা প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া**, এনডিসি

সিনিয়র সচিব

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

ও

চেয়ারম্যান

জাতীয় রাজস্ব বোর্ড।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd